

অর্ধ-বার্ষিক পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-১/২০২১

একাদশ শ্রেণি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সৃজনশীল)

সময়: ৬০ মিনিট

পূর্ণমান: ২০

১. একটি বেসরকারি ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক বিভিন্ন শাখা ব্যবস্থাপকদের জন্য ভিডিও কনফারেন্সিং এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতি চালু করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। এক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্রাংশ এবং সামগ্রিক প্রযুক্তিগত বিষয়ে বিস্তারিত আনতে তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রধানের মনোযোগ আকর্ষণ করেন। এরপর উক্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রধান ভিডিও কনফারেন্সিং এর জন্য প্রয়োজনীয় উপাদানসমূহের নাম এবং ভিডিও কনফারেন্সিং এর সামগ্রিক প্রযুক্তিগত প্রক্রিয়াটি ব্যবস্থাপনা পরিচালকের কাছে বিশদভাবে ব্যাখ্যা করেন। এছাড়াও তিনি ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার বিষয়ে ব্যাখ্যা করেন।
- ক) ভার্সুয়াল রিয়ালিটি কী? ১
- খ) রোবটিক্সের গুরুত্ব বর্ণনা কর। ২
- গ) উদ্দীপকে বর্ণিত কনফারেন্সিং ব্যবস্থা বাংলাদেশের চিকিৎসা সেবায় কীভাবে ভূমিকা পালন করতে পারে? ৩
- ঘ) আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে উদ্দীপকে বর্ণিত ফান্ড ট্রান্সফার ব্যবস্থার ভূমিকা মূল্যায়ন কর। ৪
২. মি. "Y" তার বাবার ল্যাবরেটরিতে প্রবেশের সময় একটি বিশেষ সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে গেল। ভিতরে প্রবেশ করে দেখলো প্রথম কক্ষে জৈব তথ্যকে সাজিয়ে গুছিয়ে ইনফরমেশন সিস্টেম তৈরি সংক্রান্ত গবেষণা এবং দ্বিতীয় কক্ষে রিকর্ডিনেন্ট ডিএনএ (DNA) তৈরি সংক্রান্ত গবেষণা করা হয়।
- ক) ন্যানোটেকনোলজি কী? ১
- খ) তথ্য প্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তি একে অপরের পরিপূরক-বুঝিয়ে লেখ। ২
- গ) ল্যাবরেটরির দরজায় ব্যবহৃত প্রযুক্তিটি বর্ণনা কর। ৩
- ঘ) ল্যাবরেটরিতে যে প্রযুক্তি নিয়ে গবেষণা হয় তাদের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪